

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৫২.৯৯.১৭৬.১৭.

তারিখঃ ২৭-০৯-২০১৭খ্রিঃ

বিষয়ঃ- জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ বেগম ইয়াসমিন আফসানা নির্বাহী পরিচালক (অর্থ)।
সভার তারিখ ও সময়	ঃ ২৭.০৯.২০১৭খ্রিঃ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান	ঃ কনফারেন্স রুম, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
সভার উপস্থিত সদস্যবৃন্দ	ঃ পরিশিষ্ট “ক”।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব, মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ নওয়াব আসলাম হাবীব সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের নীতি-নৈতিকতার মান উন্নয়নের জন্য উদ্বুদ্ধকরণের বিষয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি জানান, কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদানের বিষয়টি চলমান রয়েছে। সভায় সকল সদস্য কমিটির পাশাপাশি বিভাগীয় প্রধান কর্তৃক সভা করে ধর্মীয় অনুশাসনের মাধ্যমে সকলের মধ্যে মানবিক মূল্যবোধ জাগ্রত করার বিষয়ে একমত পোষণ করে।

০২। সভাপতি বলেন সততা, নৈতিকতা, আচরণের উৎকর্ষতা হলো শুদ্ধাচার। তিনি বলেন মানবসত্ত্বার মর্যাদা দিতে হবে। নাগরিকদের সুযোগের সমতা দিতে হবে। মহাব্যবস্থাপক (প্রশাসন) সহ কমিটির সকলে শুদ্ধাচার বিষয়ক মানবিক মূল্যবোধ জাগ্রত করার লক্ষ্যে অফিসের দেয়ালে দৃশ্যতম স্থানে স্টিকি স্টিকার লাগানোর ব্যাপারে আলোচনা করেন। আলোচনান্তে নিম্নোক্ত দুটি উক্তি সম্বলিত স্টিকার দেয়ালে লাগানোর ব্যাপারে সকলে একমত পোষণ করেন :

- “১) হালাল রুজি ব্যতীত কোন এবাদত কবুল হয় না।
- ২) মানুষের জন্য সবচেয়ে কঠিন কাজ হলো মানুষ হওয়া।”

০৩। সভার সদস্য মহাব্যবস্থাপক (অপারেশন) বলেন, বিএসসি জাহাজভিত্তিক অর্গানাইজেশন বিধায় প্রতি মিটিং এ জাহাজ সম্পর্কিত একটি আলোচনা রাখা যেতে পারে। এই বিষয়ে আলোচনান্তে সকলে একমত পোষণ করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন দাপ্তরিক কাজে সকলকে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে।


০৪। সিদ্ধান্ত :- সার্বিক আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় -

- ০১) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণ পূর্বক বিএসসি অফিসের দেয়ালে দৃশ্যতম স্থানে নিম্নোক্ত দুটি উক্তি সম্বলিত স্টিকি স্টিকার দেয়ালে লাগানো :

- “১) হালাল রুজি ব্যতীত কোন এবাদত কবুল হয় না।
- ২) মানুষের জন্য সবচেয়ে কঠিন কাজ হলো মানুষ হওয়া।” ;

- ০২) প্রতি সভায় জাহাজ ভিত্তিক আলোচনা রাখা ;
- ০৩) দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা।

০৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৭.০৯.১৭
(ইয়াসমিন আফসানা)
নির্বাহী পরিচালক (অর্থ)

ও

সভাপতি

শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি

বিতরণঃ- কমিটির সকল সদস্য।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

০১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।

০২। নির্বাহী পরিচালক (অর্থ) // (পর্যক্রম) // (সিএসসি) চট্টগ্রাম।